10

তারিখ ... 14 APR 1995 ...
পৃষ্ঠা 22 কলাম 2...

*The Bangladesh Observer*

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**শিক্ষা মন্ত্রণালয়**

নং শা-১৩/১-১৪ (মালয়েশিয়া)/৯৫/১৬৪—শিক্ষা তারিখঃ ১১/৪/৯৫ ইং

# বৈদেশিক বৃত্তির বিজ্ঞপ্তি

(এস, এস, সি, পাশ ছাত্র ছাত্রীদের জন্য)

মালয়েশিয়া "ইনষ্টিটিউট অব টেকনোলজী এন্ড ইফরমেশন টেকনোলজী"-তে দুই বছর মেয়াদী ডিপ্লোমা কোর্সে অধ্যায়নের জন্য যোগ্য প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। টেনিকমুনেকেশন ইঞ্জিনিয়ারিং ইনফরমেশন সিষ্টেমস ইঞ্জিনিয়ারিং, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং ও ইলেকট্রনিক্স কোর্সে অধ্যায়নের জন্য এ বৃত্তি দেয়া হবে। যারা ডিপ্লোমা কোর্সে খুব ভাল রেজাল্ট করবেন তারা সে দেশের বিশ্ববিদ্যালয় কলেজে ব্যাচেলর অব ইঞ্জিনিয়ারিং কোর্সে ২য় বর্ষে ভর্তির উপযুক্ত বলে বিবেচিত হবেন।

(২) প্রর্থীদেরকে এস এস সি পরীক্ষায় গড়ে ৭৫% (পচাত্তর পার্সেন্টি) নম্বর থাকতে হবে এবং ঐচ্ছিকগণিত, পদার্থবিদ্যা ও ইংরেজী বিষয়ে ভিন্ন ভিন্নভাবে ৬০% নম্বর পেতে হবে। যারা ১৯৯৪ সালে এস এস সি বা সমপর্যায়ে পরীক্ষায় পাস করছেন শুধুমাত্র তারাই আবেদন করতে পারবেন।

৩। প্রার্থীর বয়স অনূর্ধ ১৯ (উনিশ) হতে হবে। অবিবাহিত ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।

৪। প্রকৃত আগ্রহী প্রার্থীদেরকে নিম্নোক্ত ছক পুরণ করে এস এস সি পরীক্ষার মার্কসীটের সত্যায়িত কপি ও পাসপোর্ট সাইজের ১টি ছবিসহ আগামী ১৮-৪-৯৫ ইং তারিখে দুপুর ২-৩০ মিনিটের মধ্যে বাংলাদেশ সচিবালয়ের ৫ নং গেটে রক্ষিত বৃত্তি বক্সে জমা দিতে হবে। ১৯-৪-৯৫ ইং তারিখ অপরাহ্নে বা ২০-৪-৯৫ ইং তারিখে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের নাম শিক্ষা মন্ত্রণালয়ে বৃত্তি শাখায় এবং সচিবালয়ের ৫ নং গেটে টাংগিয়ে দেয়া হবে। প্রার্থীদেরকে ভিন্নভাবে কোন চিঠি দেয়া হবে না। তাদেরকে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে ফলাফল জানতে হবে। এস এস সি পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে প্রাথমিকভাবে প্রার্থী নির্বাচিত করা হবে। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদেরকে ফল প্রকাশের দিনই শিক্ষা মন্ত্রণালয়ের বৃত্তি শাখায় উপস্থিত হয়ে মূল সার্টিফিকেট/মার্কসিট, সত্যায়িত মার্কসিট/সার্টিফিকেট ও ছবিসহ নির্ধারিত ফর্ম পূরণ করে দাখিল করতে হবে।

৫। নিম্নোক্ত ছকে দরখাস্ত দাখিল করতে হবেঃ-
(ক) নাম, (খ) পিতার নাম (গ) এস এস সি পরীক্ষা পাশের বৎসর (ঘ) এস এস সি পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বর (ঙ) পদার্থবিদ্যা, ঐচ্ছিক গণিত ও ইংরেজীতে প্রাপ্ত নম্বর (ভিন্ন ভিন্নভাবে) (চ) জন্ম তারিখ ও ১-৫-৯৫ ইং তারিখে বয়স (ছ) স্থায়ী ঠিকানা (জ) বর্তমান ঠিকানা (ঝ) বর্তমানে যে প্রতিষ্ঠানে অধ্যায়নরত উহার নাম ও ঠিকানা (ঞ) প্রার্থীর পূর্ণ স্বাক্ষর। একটি খামের মধ্যে দরখাস্ত দিতে হবে। খামের উপরে স্পষ্ট অক্ষরে "মালয়েশিয়ান বৃত্তি" এবং "এস এস সি পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বর ................" উল্লেখ করতে হবে।

৬। মিথ্যা/ভুল তথ্য দানকারীর বিরুদ্ধে ফৌজদারী ব্যবস্থা নেয়া হবে।

(মোঃ আকরাম হোসেন)
সিনিয়র সহকারী সচিব
শিক্ষা মন্ত্রণালয়
ভবন নং-৬ কক্ষ নং ১৭০৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ডিএফপি—৯১১৮-১২/৪ জিসি—১১০৬